# উৎসব ভাতাসহ ১১ দাবি এমপিওভুক্ত শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক
০৮ সেপ্টেম্বর ২০২৪, ১২:০০ এএম




সরকারি শিক্ষকদের মতো পূর্ণাঙ্গ উৎসব ভাতার দাবি জানিয়েছে এমপিওভুক্ত শিক্ষকদের সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতি (বিটিএ)। গতকাল শনিবার জাতীয় প্রেসক্লাবে মাওলানা মোহাম্মদ আকরম খাঁ হলে মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ, সারা দেশে শিক্ষক লাঞ্ছিত ও জোরপূর্বক পদত্যাগ করানোর প্রতিবাদে সংবাদ সম্মেলনে এ দাবি করে সংগঠনটি।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ শেখ কাওছার আহমেদ বলেন, ম্যানেজিং কমিটি শিক্ষকদের ওপর জাঁতাকল। তাদের জাঁতাকলে পৃষ্ঠ হয়ে অনেক শিক্ষক নির্মম নির্যাতনের শিকার হয়েছেন। যে সরকার যখন ক্ষমতায় ছিল, তারা তাদের সমর্থিত লোকদের কমিটিতে বসিয়ে রাখে। বর্তমানে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে এত সমস্যার মূল কারণ এই ম্যানেজিং কমিটি। তাই আমরা কমিটিপ্রথা বাতিল চাই।

এ সময় তিনি শিক্ষকদের পক্ষে ১১ দফা দাবি তুলে ধরেন। দাবিগুলো হলো- মেধাবীদের শিক্ষকতা পেশায় আকৃষ্টকরণসহ শিক্ষাক্ষেত্রে সরকারি ও বেসরকারি বৈষম্য দূরীকরণের লক্ষ্যে ‘মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ’, বিদ্যমান শিক্ষা কারিকুলামের পরিবর্তে যুগোপযোগী, আধুনিক ও বিজ্ঞানমনস্ক শিক্ষা কারিকুলাম প্রবর্তন, সরকারি শিক্ষক-কর্মচারীদের মতো পূর্ণাঙ্গ উৎসব ভাতা, বাড়ি ভাড়া ও চিকিৎসা ভাতা দেওয়া, সরকারি স্কুলের মতো বেসরকারি স্কুলের প্রধান শিক্ষকের বেতন স্কেল ষষ্ঠ গ্রেডে ও সহকারী শিক্ষকের ১০ম গ্রেডে এবং সহকারী প্রধান শিক্ষকদের উচ্চতর স্কেল দেওয়া উল্লেখযোগ্য।

এ ছাড়া এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বদলি প্রথা চালু, সরকারি শিক্ষক-কর্মচারীদের মতো পেনশন প্রথা চালুকরণ এবং চালু না হওয়া পর্যন্ত অবসর গ্রহণের ছয় মাসের মধ্যে অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের পাওনা মিটিয়ে দেওয়াসহ শিক্ষক-কর্মচারীদের বেতন থেকে অতিরিক্ত ৪ শতাংশ কর্তন বন্ধ, শিক্ষক-কর্মচারীদের চাকরির বয়স বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের মতো ৬৫ বছরে উন্নীতকরণ, পাবলিক সার্ভিস কমিশনের মতো শিক্ষক নিয়োগ কমিশন গঠন এবং শিক্ষা প্রশাসনের বিভিন্ন স্তরে আনুপাতিক হারে এমপিওভুক্ত শিক্ষকদের পদায়ন করারও দাবি জানানো হয়।

এর বাইরে শিক্ষাক্ষেত্রে বিরাজমান সরকারি ও বেসরকারি সব বৈষম্য দূর করার লক্ষ্যে জাতীয় শিক্ষানীতি-২০১০ এর দ্রুত বাস্তবায়ন, ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি প্রথা বিলুপ্ত করে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মতো পরিচালনা করা এবং স্বীকৃতিপ্রাপ্ত সব শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করাও তাদের দাবির অন্তর্ভুক্ত।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মো. বজলুর রহমানের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে সমিতির উপদেষ্টা বাবু রঞ্জিত কুমার সাহাসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।